# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১০৫৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৫৪]

পর্ব-১২: তাত্ববীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ১৫: রুকূতে কিছু না পড়ার অনুমতি

## بَاب الرُّخْصَةِ فِي تَرْكِ الذِّكْرِ فِي الرُّكُوعِ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قال: حَدَّثَنَا بَكْرُ بْنُ مُضَرَ، عَنِ ابْنِ عَجْلَانَ، عَنْ عَلِيِّ بْنِ يَحْيَى الزُّرَقِيِّ، عَنْ أَبِيهِ، عَنْ عَمِّهِ رِفَاعَةَ بْنِ رَافِعٍ وَكَانَ بَدْرِيًّا، قال: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ دَخَلَ رَجُلٌ الْمَسْجِدَ فَصَلَّى وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَرْمُقُهُ وَلَا يَشْعُرُ، ثُمَّ انْصَرَفَ فَأَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَلَّمَ عَلَيْهِ فَرَدَّ عَلَيْهِ السَّلَامَ، ثُمَّ قَالَ: ارْجِعْ فَصَلِّ فَإِنَّكَ لَمْ تُصَلِّ قَالَ: لَا أَدْرِي فِي الثَّانِيَةِ أَوْ فِي الثَّالِثَةِ قَالَ: وَالَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ لَقَدْ جَهِدْتُ فَعَلِّمْنِي وَأَرِنِي قَالَ: إِذَا أَرَدْتَ الصَّلَاةَ فَتَوَضَّأْ فَأَحْسِنِ الْوُضُوءَ، ثُمَّ قُمْ فَاسْتَقْبِلِ الْقِبْلَةَ، ثُمَّ كَبِّرْ، ثُمَّ اقْرَأْ، ثُمَّ ارْكَعْ حَتَّى تَطْمَئِنَّ رَاكِعًا، ثُمَّ ارْفَعْ حَتَّى تَعْتَدِلَ قَائِمًا، ثُمَّ اسْجُدْ حَتَّى تَطْمَئِنَّ سَاجِدًا، ثُمَّ ارْفَعْ رَأْسَكَ حَتَّى تَطْمَئِنَّ قَاعِدًا، ثُمَّ اسْجُدْ حَتَّى تَطْمَئِنَّ سَاجِدًا فَإِذَا صَنَعْتَ ذَلِكَ فَقَدْ قَضَيْتَ صَلَاتَكَ وَمَا انْتَقَصْتَ مِنْ ذَلِكَ فَإِنَّمَا تَنْقُصُهُ مِنْ صَلَاتِكَ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٦٦٨، (تحفة الأشراف: ٣٦٠٤)، ويأتي برقم: ١٣١٤، ١٣١٥ (حسن صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1054 _ حسن صحيح

বাংলা

১০৫৩. কুতায়বাহ্ (রহ.) ..... রিফা’আহ্ ইবনু রাফি আল বাদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ

(সা.) -এর সাথে ছিলাম। এমন সময় এক ব্যক্তি মসজিদে প্রবেশ করল এবং সালাত আদায় করল। রাসূলুল্লাহ (সা.) তাকে দেখছিলেন। কিন্তু সে তা টের পায়নি। সে সালাত সমাপ্ত করে রাসূলুল্লাহ (সা.) - এর নিকট এসে তাঁকে সালাম করলে তিনি তাঁর সালামের উত্তর দিয়ে বললেন, যাও পুনরায় সালাত আদায় কর। কেননা তুমি সালাত আদায় করনি। তিনি (রাবী) বলেন, আমার স্মরণ নেই, দ্বিতীয়বার কিংবা তৃতীয়বারে সে ব্যক্তি বলল, ঐ সত্তার কসম! যিনি আপনার প্রতি কিতাব নাযিল করেছেন। আমি তো খুব চেষ্টা করলাম। অতএব আমাকে শিখিয়ে দিন এবং দেখিয়ে দিন। তিনি বললেন, যখন তুমি সালাত আদায় করতে ইচ্ছা করবে তখন উত্তমরূপে উযূ করবে। এরপর দাড়িয়ে কিবলার দিকে মুখ করবে। এরপর তাকবীর বলবে, অতঃপর কুরআন পড়বে, এরপর ধীরস্থিরভাবে রুকূ করবে। অতঃপর মাথা তুলে সোজা দাঁড়িয়ে যাবে। এরপর স্থিরভাবে সিজদা করবে, অতঃপর মাথা তুলে স্থিরভাবে বসে পড়বে। আবার স্থিরভাবে সিজদা করবে। যখন তুমি এমন করবে তখন তুমি তোমার সালাত পূর্ণ করলে। তা হতে যতটুকু কম করলে, ততটুকু তোমার সালাত হতে কম করলে।

## English

15. Concession Allowing One Not To Recite Any Remembrance When Bowing

It was narrated that Rifa'ah bin Rafi'- who had been present at Badr- said: We were with the Messenger of Allah (ﷺ) when a man entered the Masjid and prayed. The Messenger of Allah (ﷺ) watched him without him realizing, then he finished, came to the Messenger of Allah (ﷺ) and greeted him with salam. He returned the salam and said: Go back and pray, for you have not prayed.' He (the narrator) said: I do not know if it was the second or third time,- (the man) said: 'By the One Who revealed the Book to you, I have tried my best. Teach me and show me.' He said: 'When you want to pray, perform wudu' and do it well, then stand up and face the qiblah. Then say the takbir, then recite, then bow until you are at ease in bowing. Then stand up until you are standing up straight. Then prostrate until you are at ease in prostration, then raise your head until you are at ease in sitting, then prostrate until you are at ease in prostration. If you do that then you will have done your prayer properly, and whatever you failed to do properly is going to detract from your prayer.

### ফুটনোট

হাসান সহীহ: আবু দাউদ ৮৫৮, তিরমিযী ৩০২, ইবনু মাজাহ ৪৬০, দারিমী ১৩২৯, সহীহ আবু দাউদ ৮০৪।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ রিফা‘আহ ইবনু রাফি’ যুরাকী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87427

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন